

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
.....
তখন যদি তারা আত্মসমর্পণ করে, তবে সরল পথ প্রাপ্ত হবেন, আর যদি মুখ ঘুরিয়ে নেয়, তাহলে তোমার দায়িত্ব হলো শুধু পৌঁছে দেয়া। আর আল্লাহর দৃষ্টিতে রয়েছে সকল বান্দা।
সূরা আল ইমরান- ২০

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আসীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিস্টেমটি

গ্রন্থপত্র সিস্টেমটি
ইসলামিক গ্রন্থপত্র সিস্টেমটি

সেবা : ০২৯৯০০৬৬৬৬৬, ০২৯৯০২৭৭০৪

বরিশাল ৥ শোমবার ৥ ০২ মার্চ ২০২৬ ৥ ১২ রমজান ১৪৪৭ ৥ ১৭ ফাল্গুন ১৪৩২ ৥ ৯ম বর্ষ ৥ ২৮৮ সংখ্যা ৥ ৪ পৃষ্ঠা ৥ ৫ টাকা

সীমান্ত হত্যার বিষয়ে যেন আর শুনতে না হয়, এ বিষয়ে সতর্ক থাকব

ইসরায়েলের শক্তির উৎস সারা বিশ্বের মানুষ জানে

রাষ্ট্রপতির অভিশংসন-জুলাই হত্যাকাণ্ডের বিচারই অগ্রাধিকার হতে হবে

রমজানের পরেই সিটি করপোরেশন নির্বাচন: ইসি মাছুদ

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত

কীর্তনখোলা ডেস্ক

ইরানে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যৌথ হামলায় দেশটির সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হয়েছেন। তাঁর বয়স হয়েছিল ৮৬ বছর। গতকাল রোববার ভোরে ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যমে আলী খামেনির নিহত হওয়ার খবর জানানো হয়। এর আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানে শনিবার যুক্তরাষ্ট্র-ইসরায়েলের ক্ষেপণাস্র হামলায় আলী খামেনি নিহত হওয়ার কথা বলেছিলেন। আয়াতুল্লাহ আলী খামেনি ১৯৮৯ সালে ইরানের সর্বোচ্চ নেতা হন। এর আগে আয়াতুল্লাহ রুহুল্লাহ খামেনির নেতৃত্বে তিনি ইরানে ইসলামি বিপ্লবে অংশ নিয়েছিলেন। ১৯৭৯ সালে রুহুল্লাহ খামেনির নেতৃত্বে গঠিত সরকারে আয়াতুল্লাহ আলী খামেনি উপপ্রতিরক্ষাকারী ছিলেন। ১৯৮৯ সালে রুহুল্লাহ খামেনির মৃত্যুর পর ইরানের 'অ্যাসেম্বলি অব এক্সপার্ট' (ধর্মীয় নেতাদের একটি পর্ষদ) আলী খামেনিকে দেশটির সর্বোচ্চ ধর্মীয় নেতা নির্বাচন করে; যদিও তাঁকে দায়িত্ব গ্রহণের সুযোগ দিতে সংবিধান সংশোধন করার প্রয়োজন পড়েছিল। আয়াতুল্লাহ রুহুল্লাহ খামেনি ছিলেন সেই আদর্শগত শক্তি, যিনি ইরানে পাকিস্তান রাজতন্ত্র অবসানের বিপ্লবে নেতৃত্ব দিয়েছিলেন। আর আয়াতুল্লাহ আলী খামেনি ছিলেন সেই নেতা, যিনি ইরানের সামরিক ও আধা সামরিক বাবুহাফে শক্তিশালীরূপে গড়ে তুলেছিলেন। এ ব্যবস্থা শুধু শত্রুর বিরুদ্ধে ইরানের প্রতিরক্ষা নিশ্চিত করে ক্ষান্ত হননি, বরং দেশের সীমার বাইরে গিয়েও নিজেদের প্রভাব বিস্তার করে। আজকের ইরানের প্রতিরোধ সক্ষমতা তিনিই গড়ে তুলেছিলেন। ইরানের সর্বোচ্চ নেতা হওয়ার আগে ১৯৮০-এর দশকে ইরাকের সঙ্গে দেশটির রক্তক্ষয়ী যুদ্ধের সময় আয়াতুল্লাহ আলী খামেনি ইরানের প্রেসিডেন্ট ছিলেন। দীর্ঘ যুদ্ধ, সঙ্গে পশ্চিমা দেশগুলোর ইরাকের নেতা সাদাম হোসেনকে সমর্থন দেওয়ার কারণে ইরানিদের ভেতর একধরনের বিভ্রমতার অনুভূতি তৈরি হয়েছিল। এতে পশ্চিমা দেশগুলোর প্রতি, বিশেষ করে যুক্তরাষ্ট্রের প্রতি আলী খামেনির অবিশ্বাস আরও গভীর হয় বলে মত বিশ্লেষকদের। আর এই মনোভাবই তাঁর দশকব্যাপী শাসনের ভিত্তি গড়ে তুলেছিল। তাঁর এই ধারণাকে দৃঢ় করেছিল যে ইরানকে সব সময় বাহ্যিক ও অভ্যন্তরীণ হুমকির বিরুদ্ধে প্রতিরক্ষামূলক অবস্থায় থাকতে হবে। এই মনোভাব থেকেই তিনি দেশটির ইসলামি বিপ্লবী বাহিনীকে (আইআরজিসি) আধা সামরিক বাহিনী থেকে একটি শক্তিশালী প্রতিরক্ষা, রাজনৈতিক ও অর্থনৈতিক প্রতিষ্ঠানে পরিণত করেন। পরে এই বাহিনী পুরো অঞ্চলে ইরানের প্রভাব বিস্তারে কেন্দ্রীয় ভূমিকা গ্রহণ করে। খামেনি ইরানের 'প্রতিরোধ অর্থনীতি' গড়ে তোলার কাজও এগিয়ে নিয়েছিলেন, যাতে কঠোর পশ্চিমা নিষেধাজ্ঞার মুখেও বিনির্ভরতা বাড়ানো যায়। তিনি পশ্চিমা দেশগুলোর সঙ্গে সম্পর্কে জড়িত হওয়ার ব্যাপারে গভীরভাবে সন্দিহান থাকতেন। আলী খামেনির প্রতিরক্ষামূলক নীতি প্রয়োজনীয় সঙ্কটের পথে বাধা সৃষ্টি করছে এমন অভিযোগের বিরুদ্ধে তিনি তীব্র প্রতিক্রিয়া দেখাতেন। শুধু তা-ই নয়, সময়ের সঙ্গে সঙ্গে দেশের ভেতরেও তাঁর শাসন মারাত্মক পরীকার মুখোমুখি হয়। এর মধ্যে ২০০৯ সালে কথা

রমজানের শিক্ষা: আত্মসমালোচনা ও চারিত্রিক সংশোধন

কীর্তনখোলা ডেস্ক

জুলাই গণঅভ্যুত্থানের চেতনাকে ধারণ করে ফ্যাসিবাদের সব চিহ্ন মুছে ফেলার ঘোষণা দিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ২ এর পাতায় দেখুন

বরিশাল মহানগর ইমাম সমিতির আয়োজনে ইফতার মাহফিল ও দোয়া মোনাজাত অনুষ্ঠানে বক্তব্য রাখেন অ্যাড. মজিবুর রহমান সরোয়ার এমপি

দেশের শিক্ষা খাতে নজিরবিহীন অনিয়ম, জালিয়াতি ও দখলদারিত্ব

কীর্তনখোলা ডেস্ক

দেশের শিক্ষা খাতে অনিয়ম, জালিয়াতি ও দখলদারিত্বের এক নজিরবিহীন চিত্র উঠে এসেছে শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের (ডিআইএ) সর্বশেষ তদন্ত প্রতিবেদনে। ৯৭৩টি স্কুল, কলেজ ও মাদ্রাসার ওপর পরিচালিত এই বিশেষ

তদন্তে দেখা গেছে, তৃণমূল

পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ভুল্যা নিয়োগ এবং জাল সনদের রীতিমতো মাহেৎসব চলছে। ডিআইএ-র এই 'আমলনামায়' উঠে আসা ভয়ংকর দুর্নীতির কারণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও অভিযুক্তদের এখন বিপুল অংকের আর্থিক দণ্ড ও জরিমানার

মুখোমুখি হতে হচ্ছে।

প্রতিবেদনে জালিয়াতির মাধ্যমে আত্মস্বাধ করা অর্থ এবং বকেয়া ভাটি-চাঁদাঙ্গহ মোট ৮৯ কোটি ৮২ লাখ ২৫ হাজার ৬০৭ টাকা দ্রুত সরকারি কোষাগারে ফেরত দেওয়ার কঠোর সুপারিশ করা হয়েছে। কেবল অর্থই নয় ২ এর পাতায় দেখুন

উন্নয়ন ও মানবিকতার রাজনীতি প্রতিষ্ঠায় কাজ করছে সরকার: রহমাতুল্লাহ

কীর্তনখোলা রিপোর্ট

কর্মসংস্থান আয়োজনে 'বরিশাল প্রেস ক্লাবে' সুবিধাবাহিনী ও সরকারের পরিবারের মাঝে ইফতার সামগ্রী বিতরণকালে প্রধান অতিথী হিসেবে এ কথা বলেন তিনি। এ সময় রহমাতুল্লাহ বলেন, রহমাতুল্লাহ বলেন, শোষণ-নির্ভর

কর্মচারী কল্যান পরিষদের

আয়োজনে 'বরিশাল প্রেস ক্লাবে' সুবিধাবাহিনী ও সরকারের পরিবারের মাঝে ইফতার সামগ্রী বিতরণকালে প্রধান অতিথী হিসেবে এ কথা বলেন তিনি। এ সময় রহমাতুল্লাহ বলেন, রহমাতুল্লাহ বলেন, শোষণ-নির্ভর

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রচলিত বাংলা ভাষাপ্রতিষ্ঠান বরিশাল সরকারি ব্রহ্মচর্য কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক সচিবালয় শিক্ষক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান প্রোগ্রাম

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক প্রোগ্রামের শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক।

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পত্রীক্ষক, সরকারি আশুপাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব ছানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্ডা

সদর রোড, বরিশাল

ইসলামিয়া লাইব্রেরি

দুলাল রোড, বরিশাল

অবুদুর লাইব্রেরি

সদর রোড, বরিশাল

অবুদুর লাইব্রেরি

সদর রোড, বরিশাল

বরিশাল সিটি কলেজের অধ্যক্ষ হলেন আবদুল জব্বার

বিশেষ প্রতিবেদক

বরিশাল সদর রোড টাউন হলের বিপরীত পার্শ্বে অবস্থিত ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ বরিশাল

অবশেষে আইনজীবী-বিচারপ্রার্থীতে মুখর বরিশাল আদালত

কীর্তনখোলা রিপোর্ট

তিনিদিন পর বিচারপ্রার্থী ও আইনজীবীদের পদচারণায় মুখর হয়ে উঠেছে বরিশাল আদালত প্রাঙ্গণ। পূর্বের ঘোষিত কর্মসূচি স্থগিত করে রোববার (১ মার্চ) সকাল থেকে আদালতে ফিরেছেন আইনজীবীরা। এতে স্বচি প্রকাশ করেছেন বিচারপ্রার্থীরা। এর আগে বরিশাল জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য তালুকদার মো. ইউসুফের জামিন আদেশ ঘিরে আদালত প্রাঙ্গণে উত্তেজনা সৃষ্টি হয়। বিচারকের উপস্থিতিতেই এজলাসে হামলা ও গাউচরের অভিযোগ ওঠে বিএনপিপন্থি আইনজীবীদের বিরুদ্ধে। ওই ঘটনায় জেলা আইনজীবী সমিতির সভাপতিসহ অন্তত ২০ জনের বিরুদ্ধে দ্রুত বিচার আইনে মামলা হয়। মামলার সমিতির সভাপতি এস এম সাদিকুর রহমান লিংকন বর্তমানে কারাগারে রয়েছেন। ওই ঘটনার পর কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ নেতার ২ এর পাতায় দেখুন

সিটি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হলেন আবদুল জব্বার। রোববার (১ মার্চ) থেকে দায়িত্ব পালনের জন্য কলেজ গভর্নিং বডির সভায় তাঁকে দায়িত্ব দেওয়া হয়। গণমাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন সদা অবসরে যাওয়া ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ হাবিবুর রহমান। গত ২৮ ফেব্রুয়ারী হাবিবুর রহমান অবসরে ২ এর পাতায় দেখুন

বরিশাল সিটি কলেজের অধ্যক্ষ হলেন আবদুল জব্বার

বিশেষ প্রতিবেদক

বরিশাল সদর রোড টাউন হলের বিপরীত পার্শ্বে অবস্থিত ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ বরিশাল

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক প্রোগ্রামের শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক।

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক প্রোগ্রামের শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক।

মম্মাদকীয় বেতন-বোনাস নিশ্চিত করুন

প্রায় প্রতিবছরই ঈদের আগে কিছু তৈরি পোশাক কারখানা বেতন-বোনাস নিয়ে ঝামেলা হয়। বিশেষ করে ঈদের কয়েক দিন আগে থেকে শ্রমিকদের রাত্তায় নেমে আসতে দেখা যায়। সুষ্টি হয় তীব্র যানজটের। ঈদে ঘরমুখো মানুষকে চরম ভোগাঞ্ছি পোহাতে হয়। এ বছরও তেমন আশামতই দেখা যাবে। গতকাল কালের কণ্ঠে প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, ৫০ থেকে ৬০টি কারখানায় অসন্তোষ তৈরি হতে পারে বলে আশংকা করছেন মালিক ও শ্রমিক সংগঠনের নেতারা। আর এর জের ধরে পুরো শিল্পাঞ্চলেই অস্থিরতা ছড়িয়ে পড়তে পারে, যা নতুন সরকারের জন্য সুখের হবে না। এই খাতের কারখানাগুলোতে প্রায়ই শ্রমিক অসন্তোষের ঘটনা ঘটেছে। এও ওপর গুরু হয়ে গেছে বেতন-ভাতা ও ঈদ উপলক্ষে উৎসব বোনাসের দাবিতে কর্মসূচি পালন। জাতীয় গার্মেন্টস শ্রমিক জোট বাংলাদেশের উদ্যোগে গত কতবার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করা হয়। আগামী ২০ মম্মজানের মধ্যে তৈরি পোশাক খাতের শ্রমিকদের সব বকেয়া মজুরি ও ঈদ বোনাস পরিশোধের দাবি জানানো হয়। গত বৃহস্পতিবার গাজীপুর মহানগরীর কোনাবাড়ী এলাকায় অবস্থিত রিপন নিটিওয়্যারে শ্রমিকরা নাইট বিল ও বার্ষিক ছুটির পাওনা পরিশোধের দাবিতে কর্মবিরতি ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন। গাজীপুর শিল্পাঞ্চল গার্মেন্টস ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সভাপতি সম্পাদক আজিজুল ইসলাম বলেন, ‘বকেয়া মজুরির দাবিতে প্রায় প্রতিদিনই কোনো না কোনো কারখানার শ্রমিকরা ভড়কে নেমে ছিলি ও বিক্ষোভ করছেন। সময়মতো বেতন-বোনাস পরিশোধ নিশ্চিত করা না গেলে পরিস্থিতি আরো জটিল হয়ে উঠতে পারে।’ প্রকাশিত খবরে জানা যায়, ঈদ-পূর্ব পরিস্থিতি স্বাভাবিক রাখতে আগামী মঙ্গলবার ত্রিপক্ষীয় পরামর্শ কমিটির (টিসিপি) বৈঠক ডাকা হয়েছে। আওলিয়া শিল্পাঞ্চল পুলিশের পুলিশ সুপার (এসপি) মোহাম্মদ মনিউল ইসলাম কালের কণ্ঠকে জানান, ঈদ বোনাস ও মজুরি পরিশোধ নিয়ে অনিশ্চয়তা বাড়ছে এবং কিছু কারখানার শ্রমিকরা এরকম মতো বিক্ষোভ গ্রহণ করতেন। পরিস্থিতি মোকাবেলায় মালিক ও শ্রমিক সংগঠনের নেতাদের সঙ্গে আলোচনা করা হয়েছে। এদিকে ঈদুল ফিতরের আগে শ্রমিকদের বেতন ও বোনাস পরিশোধে সম্ভাব্য আর্থিক চাপ মোকাবেলায় স্বল্প সুদে ঋণ (সফট লোন) ও বকেয়া নগদ প্রদানদায় অর্থ দ্রুত ছাড়ের দাবি জারিনোছে বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতি (রিজিএইচএ)। এ বিষয়ে সংগঠনটি বাংলাদেশ ব্যাংকের গভর্নর ও অর্থমন্ত্রীর কাছে চিঠি পাঠিয়েছে। বাংলাদেশ ব্যাংকের গভর্নর প্রদোদনার অর্থ ছাড়ের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সঙ্গে কথা বলার আশ্বাস দিয়েছেন। সাংসারি হিসাবপত্র বিয়টি অর্ধ মণ্ডাণেরে উদ্ভাণেরে পরামর্শ দিয়েছেন বলে জানিয়েছেন রিজিএমএই। বিকেএমইএ সভাপতি মোহাম্মদ হাফেজ মেনে করেন, সময়মতো বেতন-বোনাস পরিশোধে কোনো ধরন না গেলে ঈদের আগে শিল্পাঞ্চলে অস্থিরতা বাড়তে পারে। তাই সম্ভাব্য সংকট মোকাবেলায় আগাম সমবিত্ত উদ্যোগ নেওয়া জরুরি। গার্মেন্টস শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সভাপতি মোহাম্মদ মনিউল ইসলাম কালের কণ্ঠকে বলেন, ‘এ অঞ্চলের (আওলিয়া) অনেক কারখানার শ্রমিক ঈদের আগে মজুরি ও বোনাস পাওয়া নিয়ে উদ্বেগে রয়েছেন।’ আমরা মনে করি, এমন পরিস্থিতিতে সরকার, মালিক ও শ্রমিক পক্ষকে একত্ব হয়ে সংকট মোকাবেলায় দ্রুত কাজ করতে হবে। পাশাপাশি বিজিএইচআইর সদস্য নয়, এমন কারখানাগুলোর বেতন-ভাতা পরিস্থিতিও পর্যবেক্ষণে রাখতে হবে।

বরিশালে মশার দাপটে অতিষ্ঠ

ছিতানোহে। পাশাপাশি জলাশয়সংলগ্ন স্থানে মশার ডিম ধ্বংস করতে লার্ভাসিড ব্যবহার করা হয়েছে। এ জন্য প্রতিদিন অন্তত ২২০ লিটার ওষুধ প্রয়োগ করা হবে। সিটি করপোরেশনের পরিচ্ছন্নতা বিভাগের কর্মকর্তা স্বপন কুমার দাস বলেন, প্রতিদিন ২০০ লিটার আয়ুর্জাঙ্গিসিড (বড় মশা মারার ওষুধ) এবং তিনাটি ওয়ার্ডে ২০ লিটার লার্ভাসিড (লার্ভা ধ্বংসের ওষুধ) ব্যবহার করা হয়েছে। তবে চারপাশের মশা জন্মানোর অনুকূল পরিবেশ থাকায় সমস্যার স্থায়ী সমাধান কঠিন হয়ে পড়ছে। তারপরেও পরিস্থিতি নিয়ন্ত্রণে তাঁদের চেষ্টা অব্যাহত আছে। নগরবাসীর সঙ্গে কথা বলে জানা গেছে, বরিশাল অঞ্চলে কয়েক বছর ধরে ভেক্সের যুঁকি বেড়েছে। ডেঙ্গুতে আক্রান্ত রোগী ও মৃত্যুর ঘটনা ক্রমেই বাড়ছে। মশা নিধনে সিটি করপোরেশনের পরিচ্ছন্নতাকর্মীদের তৎপরতা আগের তুলনায় বাড়ানো হলোও পরিস্থিতি নিয়ন্ত্রণে আসছে না। ফগার মেশিন হাতে মশকনিধনকর্মীরা বিস্তার এলাকার যোগ ও বন্ধ নালায় ওষুধ ছিটালেও এসব কোনো কাজে আসছে না। গতকাল সরেজমিনে ২৬, ২৭ ও ২৮ নম্বর ওয়ার্ডে মশকনিধনের কাজ চলতে দেখা যায়। পর্যায়ক্রমে অন্যান্য ওয়ার্ডেও এ কার্যক্রম সম্প্রসারণ করা হবে বলে জাতিসংঘে অভিযানে অংশ নেওয়া পরিচ্ছন্নতাকর্মীরা। নগরের কুটির এলাকার বাসিন্দা কুটি বেগম বলেন, ‘দিনে-রাত্তে ঘরে থাকা দুর্গন্ধ হয়ে পড়ছে। এতে মশা যে এখন অসহ্য অবস্থা আমাদের। মশার ওষুধ দিলেও তাতে কোনো কাজ হচ্ছে না।’ রূপাঙ্গলী এলাকার বাসিন্দা আবদুর রাজ্জাক বলেন, নগরজুড়ে সবখানেই বহুদূর ভবন তৈরির হিড়িক চলছে। এসব নির্মাণাধীন ভবন এখন মশা উপভোগ্যদের কারখানায় পরিণত হয়েছে। বাথ্রুপুল পরিবেশ আমোলেরের (বাণী) বরিশাল বিভাগীয় সমন্বয়ক রফিকুল আলম বলেন, নগরে আগে ২২টি খাল প্রবহমান ছিল। এসব খালের দু-তিনটি কীর্ণধারায় সচল আছে। বাকিগুলো অস্তিত্বহীন। এসব খাল উদ্ধার করে প্রবাহ নিশ্চিত করতে না পারলে এবং নালার পয়েনিংপান ব্যবস্থা চালু করতে না পারলে মশকনিধনের যেকোনো কার্যক্রম সফল হওয়ার সম্ভাবনা কম। বরিশাল নগরসহ সর্বত্র পাঁচ বছর ধরে ব্যাপক ধরে ভেক্সের প্রকোপ লেগে থাকছে সারা বছর। বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, গত বছর বরিশাল নগরসহ বিভাগে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে এসেছেন ২১ হাজার ৮১৫ রোগী। মৃত্যু হয়েছে ৫১ জনের। তার আশেপাশে একাত্তর হাজারে ৮ হাজার ৪৫৭ রোগী। মারা গিয়েছিলেন ৫৮ জন। চলতি বছরের প্রথম দুই মাসে ডেঙ্গু রোগীর সংখ্যা ২৫১ জন। সিটি করপোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা মো. মনজুন্নছন হক বলেন, মশার বিস্তার রোধে ১১টি জরুরি দলে মোট ৫২ সদস্য কাজ করছেন। তিনি বলেন, একই ওষুধ দীর্ঘদিন ব্যবহার করলে মশার মধ্য প্রতিরোধক্ষমতা তৈরি হয়। তাই নতুন ভারায়িটির ওষুধ প্রয়োগ শুরু হয়েছে।

আমিরাতে বাংলাদেশিসহ এখন

যার মধ্যে ১৫২টি ধ্বংস করা হয়েছে। এছাড়া ২টি ক্রুজ স্কেনপাস্ত্রও প্রতিহত করা হয়েছে। মন্ত্রণালয় আরও জানিয়েছে, মোট ৫৪৩টি প্রতিহত শ্রোতা শনাক্ত করা হয়েছে, যার মধ্যে ৫০৬টি প্রতিহত ও ধ্বংস করা সম্ভব হয়েছে। নিহত ৩ জন যাক্রমেয় পাকিস্তান, নেপাল ও বাংলাদেশের নাগরিক ছিলেন বলেও জানানো হয়েছে।

প্রথম হামলাতেই খামেনিসহ

তেহরানের কয়েকটি গুরুত্বপূর্ণ স্থানে একযোগে বিমান হামলা চালানো হয়। আইডিএফের দাবি, ওই সময় ইরানের শীর্ষ নিরাপত্তা কর্মকর্তাদের কয়েকজন একই স্থানে উপস্থিত ছিলেন। গোয়েন্দা তথ্যের ভিত্তিতেই হামলা চালানো হয়। নিহতদের মধ্যে ইরানের সন্ত্রস্ত বাহিনীর প্রধান মেজর জেনারেল আব্দুলরহিম মোসাবিত রয়েছেন বলে জানানো হয়েছে। খবরে বলা হয়, যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা আগে থেকেই জানতে পেরেছিল যে ইরানের শীর্ষ নেতারা শনিবার সকালে তেহরানের একটি সরকারি কমপাউন্ডে বৈঠকে বসবেন। এটি ছই ইসরায়েলকে জানানো হলে হামলার সময় পরিবর্তন করে সকালে আঘাত হানা হয়। হামলায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ খামেনিসহ উর্জনখামেনি শীর্ষ কর্মকর্তা নিহত হয়েছেন বলে বিভিন্ন গণমাধ্যমে জানিয়েছে। যক্ষ্মিত পত্রিকা ওয়াল ফ্রিট জালাল জানিয়েছে, ইসরায়েলি যুদ্ধবিমান খামেনির কমপাউন্ডে প্রায় ৩০টি বোমা নিক্ষেপ করে, ফলে সেটি পুরোপুরি ধ্বংস হয়ে যায়। ইসরায়েল সময় শনিবার সকাল ৩টায় অভিযান শুরু হয়। তেহরান সময় সকাল প্রায় ৯টা ৪০ মিনিটে লক্ষ্যবস্ত্তে বোমা আঘাত হানে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা দেখা দেয়ছে।

রমজানের শিক্ষা: আত্মসমালোচনা

তেমনি আমাদের জীবনের আমাননামার হিসাব নেদানোও প্রয়োজন। পবিত্র কুরআনের সূরা হাশরের ১৮ নম্বর আয়াতে আল্লাহ তাআলা নির্দেশ দিয়েছেন, হে মুমিনগণ! তোমরা আল্লাহকে ভয় করো আর প্রত্যেকের গতিতে এটা লক্ষ করা যে, সে আত্মমীকালের (পরকালের) জন্য কী পাঠিয়েছে। রমজান আমাদের সেই আরনা দেখায়, যেখানে আমরা আমাদের চরিত্রের ক্রোধ, হিংসা, অহংকার ও সংকীর্ণতাের স্পষ্টভাবে দেখতে পাই। ইসলামের দ্বিতীয় খলিফা হযরত ওমর (রা.) বলতেন, তোমাদের হিসাব নেওয়ার আগে তোমরা নিজেরাই নিজেরের হিসাব নাও। আত্মসমালোচনা একজন মানুষকে বিনয়ী করে এবং অন্যের দোষ খোঁজার পরিবর্তে নিজের চরিত্র গঠনে মনোযোগী করে

তোলে। সিয়ামের এই দিনগুলোতে যদি আমরা আমাদের আচরণের কর্কশতা দূর করে নিজেকে একজন উত্তম চরিত্রের মানুষ হিসেবে গড়ে তুলতে না পারি, তবে দীর্ঘ সময় না খেয়ে থাকার সার্থকতা প্লান হয়ে যায়। তাই মাগফিরাতের এই দিনগুলোতে রবের কাছে ক্ষমা চাওয়ার পাশাপাশি নিজের চরিত্রকে সুন্দর ও কলমুক্ত করার শপথ নেওয়াই হোক আমাদের অন্যতম পাথের।

লেখক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

রমজানের পরেই সিটি

কমিশনার (হিসি) আবদুর রহমানেল মাছউদ। তিনি বলেনছেন, ‘আশা করাছি, শিপিগির অর্থাৎ রমজান মাসের পরপরই সিটি করপোরেশনের নির্বাচন অনুষ্ঠিত হবে। এর আগে আমাদের উপনির্বাচন ও নির্বাচন রয়েছে, সেগুলোর তফসিল ঘোষণা করা হয়েছে। সেগুলোও যথাসময়ে অনুষ্ঠিত হবে।’ গতকাল রোববার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনের মিডিয়া সেন্টারে রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমনস্ট্রেশন (আরএফইডি) বার্ষিক সাধারণ সভায় (এজিএম) এসব কথা বলেন আবদুর রহমানেল মাছউদ। স্থানীয় সরকার নির্বাচনে সারা বছর বা একাধিক বছর নির্বাচন কমিশন ব্যাধ থাকবে উল্লেখ করে ইসি মাছউদ বলেন, ‘নির্বাচন কমিশন আইন অনুযায়ী সুষ্ঠু নির্বাচন করার জন্য দায়বদ্ধ। (নির্বাহীরা) আইন কী হবে, সেটার দায় কিছ নির্বাচন কমিশনের ওপর না। আইন করবে সংসদ, সংসদ যেকোনো নির্বাচনসংক্রান্ত যে আইন করবে, সেই আইন অনুযায়ী সুষ্ঠু, এছাড়াযোগ্য এবং ভালো নির্বাচন করার জন্য নির্বাচন কমিশন দায়বদ্ধ।’ কমিশনের তুলমান উপনির্বাচন নিয়ে ইসির তৎপরতার কথা জানিয়ে আবদুর রহমানেল মাছউদ বলেন, স্থানীয় সরকার পর্যায়ে দলীয় প্রতীক থাকবে কি না, সে বিষয়ে সংসদের সিদ্ধান্তের উপর নির্ভর করছে। নির্বাচন কমিশন। সম্প্রতি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট২ সুষ্ঠু হয়েছে উল্লেখ করে নির্বাচনে বিভিন্ন ক্ষেত্রে খ্যাতিস্র বিদ্যেহারা কমিশন খতিয়ে দেখবে বলেও জানান নির্বাচন কমিশনার আবদুর রহমানেল মাছউদ। এ সময় কমিশনের কার্যক্রম নিয়ে গঠনমূলক সমালোচনা করে সাংবাদিকদের নির্দোষক দায়িত্ব পালনের আহ্বান জানান কমিশনার আবদুর রহমানেল মাছউদ।

রাষ্ট্রপতির অভিশংসন-জলাই

সভাপতি ও ঢাকা-১১ আসনের সংসদ সদস্য নাহিদ ইসলাম। তিনি বলেন, অবিলম্বে বর্তমান সংসদের ‘সংস্কার পরিষদ’ হিসেবে ঘোষণা করতে হবে এবং ফ্যাসিট রাষ্ট্রপতির অভিশংসন নিশ্চিত করে তাকে গ্রেপ্তারের আওতায় আনতে হবে। রোববার (১২ মার্চ) রাজধানীর কুফরিদ ইনস্টিটিউটে (কেআইবি) জাতীয় যুবশক্তি আয়োজিত এক ইফতার মাহফিলে তিনি এসব কথা বলেন। এবিধ ইসলাম বলেন, জুলাই গণঅভ্যুত্থানে ১৪০০ মানুষকে হত্যা করা হয়েছে, আহত হয়েছেন হাজারো ভাই-বোন। এই রক্তের হাজার হাজার অন্য কোনো কথা হবে না। আগে জুলাই হত্যাकाঙের বিচার নিশ্চিত করতে হবে। বিশেষ করে শরীফ ওসমান হাদি হত্যার বিচার আমরা আদায় করেই ছাড়বো ইনশাআল্লাহ। সংসদ অধিবেশন ও সংস্কার প্রকল্পে তিনি বলেন, বর্তমান সংসদ হচ্ছে জুলাই গণঅভ্যুত্থান ও অন্তর্বর্তী সরকারের ধারাবাহিকতা। এই সংসদেই অন্তর্বর্তী সরকারের সময় জারি করা সব অধ্যাদেশ অনুমোদন করতে হবে। সরকার ও বিদ্রোহী দল, সবাই এ বিষয়ে একমত হবে বলে আমরা আশা করি। যুবশক্তির ভূমিকা ভুলে ধরে এনসিপি সভাপতি বলেন, যুবশক্তি সংগঠিত হচ্ছে, এই পরিধি আরো বাড়তে হবে। রাগাণুগে বিচার ও সংস্কারের দাবিতে আমাদের অটল থাকতে হবে। জাতীয় নাগরিক পার্টি সংসদে শক্তিশালী বিরোধী দলের ভূমিকা পালনের পাশাপাশি রাজপথেও সক্রিয় থাকবে। আমরা বাংলাদেশে ফ্যাসিবাদের কোনো চিহ্ন নাথাকবে না। অষ্টমানে শেলাফত মজলিসের আমির মানুদুল হক, জাভাঈদার গাজি উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারাজ্জিম আত্মম, ঢাকা ৮ আসনের এনসিপি মনোনীত প্রার্থী নাসীরুদ্দীন পাটওয়ারী, এনসিপি নির্বাচনী পরিচালনা কমিটির প্রধান সফিক মাহমুদ সজিব ভূঞা এবং জাতীয় যুবশক্তি বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ইসরায়েলের শক্তির উৎস

করছে কেন? তাদের শক্তির উৎস কোথায়? কোথা থেকে তারা মদন পুষ্ণ? সারা বিশ্বের মানুষ জানে। তাদের আক্রমণের মাধ্যমে মদন হয় সেই আদিম যুগের সেই কথা ‘জোর যার মুল্লুক তার’। এখন এটা আদিম যুগ না। জোর যার মুল্লুক বলে আপনি কোনো দেশকে অক্রমণ করে দখল করতে পারবেন না।’ রাসখানীর বায়তুল মোকাররম মসজিদের উত্তর ফটকে গতকাল রোববার আয়োজিত এক বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ টি এম আজহার এ কথা বলেন। জামায়াতের এই নেতা বলেন, ‘যারা গণতন্ত্র-মানবধারার ফেরি করেন, যারা জনগণের সার্বভৌমত্বের ফেরি করেন, তারা কীভাবে নাজ্জারকণ্ডভাবে স্বাধীন এই সার্বভৌম ইরানের ওপর হামলা করতে পারেন? এই হামলা শুধু মুসলিম বিশ্বের মুসলমানদের বিরুদ্ধেই নয়, এই হামলা গণতন্ত্রের বিরুদ্ধে, এই হামলা মানবাধিকারের বিরুদ্ধে, শান্তিকামী মানুষের বিরুদ্ধে। অতএব শান্তিকামী মানুষ, গণতন্ত্রে বিশ্বাসী, জনগণকে যারা ভালোবাসে, তারা এই হামলার নিন্দা না করে পারেন না।’ জাতিসংঘ গঠন করা হয়েছে শান্তি প্রতিষ্ঠার জন্য- মন্তব্য করে এ টি এম আজহার বলেন, ‘কিন্তু জাতিসংঘ কয়েকটি দেশের তাবোদার শক্তি হিসেবে অবতীর্ণ হয়েছে। নিরীহ শান্তিকামী দেশগুলোর পক্ষে তারা আসে না। আমরা জাতিসংঘকে তাদের যথার্থ ভূমিকা পালন করার উদাত্ত আনন জানাবার।’ ২১ তারিখ কী রকম নির্বাচন হয়েছে জনগণ জানে- মন্তব্য করে জামায়াতের এই নায়কের আমির বলেন, ‘জামায়াতে ইসলামীকে কীভাবে অনেক সিটে হারানো হয়েছে তাও জনগণ জানে। তাও আমরা বহুব্রর যথার্থ, জ্ঞানগণের মুক্তির যথার্থ ও শান্তিকঙ্কার অনেক এই নিচিনাচকে অনেক মনে দিয়েছি। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, সরকার ক্ষমতা আমার সঙ্গে এসেই অতীতের সরকারের মতো হত্যাকাণ্ড শুরু করে দিয়েছে।’ এটিএম আজহার বলেন, ‘বর্তমান সরকারকে বলতে চাই, আপনারা জীবনগণের হাফিজুর রহমান ভাইকে হত্যা করেছেন। তার বড় ভাই হাফিজুর রহমান আজকে জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে, যেকোনো মুহুর্তে বলা যায় না সে বাঁচবে কি বাঁচবে না। এই হত্যাকাণ্ডের পেছনে যারাই জড়িত, অবিলম্বে গ্রেপ্তার করেন এবং তাদের আওতাগায় নিয়ে আসুন। আপনারা আমাদেরকে ব্যাধ করেন না আমার রাজপথে নামার জন্য। রাগাণুগে নামলে কিন্তু নিগার পারেন না।’ ঢাকা মহানগর দক্ষিণ জামায়াতের সেক্রেটারি হাফিজুল ইসলাম মাসুদের সম্বলদায় বিক্ষোভ সমাবেশে আরও হুজ্বা দেন দমের সরকারী সেক্রেটারি জেনারেল হাফিজুল ইসলাম খান, প্রচার সেক্রেটারি মতিউর রহমান আকম, ঢাকা মহানগর দক্ষিণের আমির নূরুল ইসলাম বুলবুল, ঢাকা মহানগর উত্তরের আমির সেলিম উদ্দিন প্রমুখ। বিক্ষোভ সমাবেশ শেষে বায়তুল মোকাররম উত্তর ফটক থেকে একটি বিক্ষোভ মিছিলে যের করেন নেতা-কর্মীরা। মিছিলটি সপ্টন মোড় হয়ে নারীসেলে মোড়ে শেষ হয়।

সীমান্ত হত্যার বিষয়ে যেন আর

আহমদ। এ বিষয়ে নিয়মিত বৈঠক চালিয়ে যেতে ভারতীয় হাইকমিশনারকে অনুরোধ করেছেন তিনি। গতকাল রোববার দুপুরে স্বরষ্ট্র মন্ত্রণালয়ের স্মেখনকক্ষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরষ্ট্রমন্ত্রী এ কথা জানান। সাংবাদিকদেরা জানতে চান, ভারতীয় হাইকমিশনারের সঙ্গে সাক্ষাতে কী আলোচনা হয়েছে? জবাবে স্বরষ্ট্রমন্ত্রী বলেন, ‘ভারতীয় হাইকমিশনার সৌজন্য সাক্ষাৎ করতে এসেছিলেন। নতুন সরকার প্রতিষ্ঠিত হলে বংশ্টিষ্ট দেশের হাইকমিশনারদের সঙ্গে সাক্ষাৎ করা ঘটনৈতিক রীতি। প্রতিবেদী দেশ হিসেবে ভারতের সঙ্গে বাংলাদেশের বাবনা-বিজ্ঞা, যাতায়াত, নিরাপত্তা ও সীমান্ত ব্যাবস্থাপনা বিভিন্ন বিষয়ে পারস্পরিক পক্ষ জড়িত। এরকম বিষয় নিয়েই আলোচনা হয়েছে।’ স্বরষ্ট্রমন্ত্রী বলেন, ‘উভয় দেশের সম্পর্ক সার্বভৌম সমতা ও পারস্পরিক যথাঁদার ভিত্তিতে বজায় থাকবে এমন প্রত্যাশা ব্যক্ত করা হয়েছে। যোগাযোগ অব্যাহত রাখলে অনেক সমস্যার সমাধান সম্ভব বলেও তিনি উল্লেখ করেন। বিশেষ করে সীমান্ত ইস্যুতে গুরুত্ব দিয়ে আলোচনা হয়েছে।’ স্বরষ্ট্রমন্ত্রী আরও বলেন, ‘সীমান্ত হত্যার বিষয়ে যেন আমাদের আর কনতে না হয় এ বিষয়ে আমরা সব সময় সতর্ক থাকব। বিজিবি ও বিএসএফ নিয়মিত বৈঠক অব্যাহত রাখবে, যাতে যতটুকু সম্ভব এ ধরনের ঘটনা এড়ানো যায়।’ তিনি জানান, ভারতীয় পক্ষও এ বিষয়ে নির্দেশক থাকার আশাস দিয়েছে এবং সংশ্লিষ্ট সংস্থাগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হবে বলে জানিয়েছে। ভারতের টুইন্ট ভিসা প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে স্বরষ্ট্রমন্ত্রী বলেন, ‘গত এক-দেখ বছরে তাদের ভিসা অফিসদের ফলাফলে প্রকট হওয়ায় কার্যক্রম পুরোপুরি চালু করা সম্ভব হয়নি। তবে ভারতীয় পক্ষ ধারাবাহিকভাবে টুইন্ট ভিসা চালু করতে আসছে।’ গত দেড় বছরে অন্তর্বর্তী সরকার প্রায় ১৩০টি অধ্যাদেশ জারি করেছে। এসব অধ্যাদেশে নতুন সরকার কীভাবে মূল্যায়ন করবে জানতে চাইলে মন্ত্রী বলেন, ‘সাংবিধান অনুযায়ী জাতীয় সংসদের দ্বারা নির্দেশনাই অধ্যাদেশগুলো উপস্থাপন করা হবে। কোনগুলো হুছ

গুহীত হবে, কোনগুলো সংশোধনীসহ পাশ হবে বা কোনগুলো আর প্রয়োজন হবে না তা সংসদেই নির্ধারিত হবে।’ আইন মন্ত্রণালয় বিষয়টি নিয়ে কাজ করছে বলেও তিনি জানান।

অবশেষে আইনজীবী-বিচারপ্রার্থীতে

জামিন বাতিল, সংশ্লিষ্ট বিচারকের অপসারণ এবং সমিতির সভাপতি লিংকনের মুক্তির দাবিতে চান৷ তিন দিন আদালত বর্জন কর্মসূচি পালন করেন বিএনপিপন্থি আইনজীবীরা। পরে বিচারপ্রার্থীদের ভোগাঞ্জির কথা মাথায় রেখে পূর্বঘোষিত আদালত বর্জনের কর্মসূচি স্থগিত করেছেন বরিশালের আইনজীবীরা। একই সিদ্ধান্তে শায় দিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম, বরিশাল ইউনিটও। ফলে রোববার থেকে বরিশালের আদালতগুলোতে স্বাভাবিক বিচারিক কার্যক্রম শুরু হয়েছে। বরিশালের মেহেন্দিগঞ্জ থেকে মামলার হাজিরা দিতে আসা মো. কালাম হোসেন বলেন, বুধবার একবার এসে ফিরে গেছি, তখন দেখেছি আইনজীবীরা আদালত বর্জন করেছিল। আজকে আবার এসেছি। এখন আশা করছি জামিন কার্যক্রম করতে পারবো। জেলা আইনজীবী সমিতির সম্পাদক মিজাঁ মো. রিয়াজ হোসেন বলেন, সাধারণ মানুষ ও বিচারপ্রার্থীদের দুর্ভোগের বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করা হয়েছে। সে কারণেই আদালতের স্বাভাবিক কার্যক্রম চালু রাখতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আইনজীবী সমিতির এই সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের বরিশাল ইউনিট। পৃথক বিবৃতিতে সংগঠনটির আহাযক মো. নাজিম উদ্দিন আহমেদ পাল্লা ও সদস্যসচিব আবুল কালাম আজাদ ইমদন জানান, পরবর্তী কোনো সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত আদালত বর্জনের কর্মসূচি স্থগিত থাকবে।

বরিশাল সিটি কলেজের

যাওয়ায় অধ্যক্ষ পদটি গুন্ডা হয়। সদ্য দায়িত্বপ্রাপ্ত অধ্যক্ষ আবদুল জব্বার ১৯৯৫ সালে কলেজটিতে ইসলাম শিক্ষা বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করে সুনামের সহিত দায়িত্ব পালন করে আসছিলেন। তিনি অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পোয়ায় কলেজ শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে আনন্দ ও উশীলতা বিস্তার করছে। ইতিপূর্বে তিনি তার আয়দিক আচরণ এবং শিক্ষক ও শিক্ষার্থীদের যে কোন সমস্যায় বউত্বকের মতো পাশে দাঁড়ানোর গুণটি তাকে শিক্ষাদেব এক অননা উচ্চতায় নিয়ে গেছে। কলেজ সংশ্লিষ্টদের প্রত্যাশা, আবদুল জব্বারকে দায়িত্ব প্রাপ্তির মধ্য দিয়ে কলেজের একাডেমিক ও সার্বিক উন্নয়নের মাধ্যমে দীর্ঘ দিনের প্রাতিষ্ঠানিক ঐতিহ্যের ধারা আরো প্রসারিত হবে।

উন্নয়ন ও মানবিকতার রাজনীতি প্রতিষ্ঠায়

তারের ষাধলখী করে তুলতে বন্ধপরিকর। সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে যুগ্মধারায় সম্পৃক্ত করতে বিভিন্ন কর্মযু্যি উদ্যোগ হাতে কুঠি ঝণে করছে। রহমাতুল্লাহ জানন, কৃষকদের সহায়তায় ইতোমধ্যে বেশি ঋণ সস্তা করে দিতে বন্ধপরিকর আওতাধর ১০ হাজার কৃষককে অন্তর্ভুক্ত করার প্রক্রিয়া শুরু হয়েছে। এ প্রকল্প বাস্তবায়িত হবে কৃষি উপাদান বৃদ্ধি, গ্রামীণ অর্থনীতির চাপাভাব এবং নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি বলেন, সুবিধাবঞ্চিত মানুষকে দান না, কাজের সুযোগ দিতে হবে। কর্মসংস্থানই দারিত্বা বিমোচনের সবচেয়ে কার্যকর উপায়। সরকারের লক্ষ্য-প্রত্যেক মানুষ যেন নিজের পরিশ্রমে সম্মানজনক জীবনযাপন করতে পারে। অনুষ্ঠানে স্থানীয় নেতাকর্মী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। ইফতার বিতরণের মাধ্যমে এসময়ও ও নিদ্মআরের মানুষের পাশে থাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন আয়োজকরা। বরিশাল প্রেস ক্লাবের সভাপতি মো: আমিনুল ইসলাম খসরু সভাপতিত্বে কলেজটিতে আরও উপস্থিত ছিলেন দৈনিক বাংলাদেশ বানী পত্রিকার সম্পাদক আদাম আলাউদ্দিন, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন, বরিশাল মহাপঞ্জির সভাপতি মাস্টার মিজানুর রহমান, প্রকাশক ও সম্পাদক পরিষদের সাধারণ সম্পাদক এম. লোকমান হোসাইন, মহানগর বিএনপির সদস্য জাহিদুর রহমান রিপন প্রমুখ।

দেশের শিক্ষা খাতে নজিরবিহীন

শিক্ষাপ্রতিষ্ঠানের হাতছাড়া হয়ে যাওয়া প্রায় ১৭৬ একরের বেশি জমিও পুনরুদ্ধারের তাগিদ দিয়েছে অধিদপ্তর। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, মধ্যাঞ্চল ও উচ্চশিক্ষা এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীনে থাকা ৯৭৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের ওপর গত বছরের ১ জুলাই থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত দীর্ঘ ছয় মাস ধরে এই বিশেষ পরিদর্শন ও নিরীক্ষা চালানো হয়। তদন্তে ভয়ঙ্কর আর্থিক অনিয়ম, নিয়োগ জালিয়াতি ও জমি দখলের সত্যতা মেসায় কঠোর আইনি ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে ডিআইএ। ডিআইএর প্রতিবেদনে জানানো হয়েছে, ৯৭৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের অনেকগুলোতে জাল ও ফুয়া সনদ ব্যবহার করে শিক্ষকতা করা, অগ্রহণযোগ্য সনদে নিয়োগ এবং সম্পূর্ণ নিয়মবহির্ভূতভাবে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার প্রমাণ পাওয়া গেছে। তদন্তে দেখা গেছে, অনেক প্রতিষ্ঠানগোষ্ঠা ও পরিচালনা পর্ষদ যোগসাজশ করে সরকারি অর্থ আত্মসাৎ করেছেন। এছাড়া ভাট ও আট (অয়ারক) ফাঁকি দেওয়ার মতো গুরুতর আর্থিক অনিয়মও তদন্তে ধরা পাচ্ছে। তদন্ত শেষে এসব প্রতিষ্ঠান থেকে সর্বমোট ৮৯ কোটি ৮২ লাখ ২৫ হাজার ৬৩৭ টাকা সরকারি কোষাগারে ফেরত দেওয়ার সুপারিশ করেছে অধিদপ্তর। পাশাপাশি বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের নামে থাকা কিন্তু প্রভাবশালীদের দখলে চলে যাওয়া প্রায় ১৭৬,৫২৩ একর জমি পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা দেওয়া হয়েছে। তদন্ত প্রতিবেদনের অনুলিপিগুলো এইতমধ্যে ডি-নর্থ ও ই-মৌহলের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা অধিদপ্তর, সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড এবং জাতীয় ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে পাঠানো হয়েছে। এছাড়া শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান এবং পরিচালনা পর্ষদ সভাপতির ব্যানবেরইস (BANBEIS) পোর্টালে দেওয়া ই-মৌহলেও প্রতিবেদনটি পাঠানো হয়েছে। অধিদপ্তরের নির্দেশনায় আরও বলা হয়েছে, কোনো প্রতিষ্ঠান ই-মৌহলে প্রতিবেদন না পেয়ে থাকলে তারা নিজ নিজ জেলা শিক্ষা অফিসের ‘ডি-নর্থ’ সিস্টেম থেকে তা সংগ্রহ করতে পারবে। সেখান থেকেও সংগ্রহ করা সম্ভব না হলে প্রতিষ্ঠানের ব্যাডা অবৈদন করে ডিআইএর ই-মৌহলে (director@dia.gov.bd) পাঠালে পরবর্তী তিন কর্মদিবসের মধ্যে প্রতিবেদনটি পাঠিয়ে দেওয়া হবে। ঘটনার সত্যতা নিশ্চিত করে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের (ডিআইএ) পরিচালক অধ্যাপক এম এম সিদ্দিক ইসলাম বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করলে আমাদের এই কঠোর অবস্থান। তদন্তে আমরা ৯৭৩টি প্রতিষ্ঠানে নিয়োগ জালিয়াতি ও জাল সনদের মতো গুরুতর অনিয়ম পেয়েছি, যা অত্যন্ত উদ্বেগজনক। “শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শৃঙ্খলা ফেরাতে আমরা ‘জিরো টোলেন্স’ নীতি গ্রহণ করছি। প্রায় ৯০ কোটি টাকা সরকারি কোষাগারে ফেরত এবং ১৭৬ একর জমি উদ্ধারের সুপারিশ করেছে আমরা। জালিয়াতির মাধ্যমে শিক্ষকতা বা অর্থ আত্মসাতের দিন শেষ” যোগ করেন তিনি।

হামলায় খামেনির মেয়ে, জামাতা ও নতি

তার মৃত্যু শুধু ইরানের জনগণের জন্য নয়, বরং সারা বিশ্বের সেনসব আমেরিকানদের জন্যও নায়কবার, যারা খামেনি ও তার রক্তপিপাসু সন্ত্রাসী দলের হাতে নিহত বা ক্ষতবিক্ষত হয়েছেন। ট্রাম্প আরো দাবি করেন, যুক্তরাষ্ট্রের গোয়েন্দা নজরদারি ও ইসরায়েলের সঙ্গে ঘনিষ্ঠ সমন্বয়ের মাধ্যমে এই অভিযান সফল হয়েছে। তিনি লেখেন, ‘খামেনি ও তার সঙ্গে নিহত অন্য নেতারা কিছই করতে পারেননি।’ আরেক পোস্টে ট্রাম্প বলেন, এটি ইরানের জনগণের জন্য নিজেদের দেশ পুনরুদ্ধারের ‘সবচেয়ে বড় সুযোগ’। তার ভাষ্য অনুযায়ী, ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি), সামরিক বাহিনী এবং নিরাপত্তা সংস্থার অনেক সদস্য আর যুদ্ধ করতে চান না এবং যুক্তরাষ্ট্রের কাছে নিরাপত্তা (ইমিনিটিটি) চাইছেন। তবে এসব দাবিকে সরাসরি নাকচ করেছে তেহরান। ইরানি কর্মকর্তারা সর্বোচ্চ নেতার নিহত হওয়ার খবর অস্বীকার করে এবং ‘মস্তান্ত্রিক যুদ্ধ’ ও ‘প্রোগাণ্ডা’র খবর বিতর্কিত করেছেন। ইরানের সংবাদ সংস্থা তাসনিম ও মেহের জানিয়েছে, সর্বোচ্চ নেতা ‘অবিলম্ব রয়েছে ও রপাদনে নেতৃত্ব দিয়েছেন’।

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ

বিশেষভাবে উল্লেখযোগ্য। সেবার প্রেসিডেন্ট ‘নির্বাচনের ফলাফলকে ‘ছলনা’ দাবি করে বড় মানুষ সড়কে নেমে বিক্ষোভ করেন। আলী খামেনিরা একেই উই বিক্ষোভ দমন করেন। এরপর ২০২২ সালে তেহরানে মাসা আমিনি নামের এক কুর্দি তরুণী পুলিশি নির্যাতনে মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে ইরানজুড়ে ভীর্ণ আন্দোলন ছড়িয়ে পড়েছিল। কয়েক মাস ধরে ওই আন্দোলন চলে। সেবারও কঠোর হাতেই বিক্ষোভ দমন

করেছিলেন আলী খামেনি। তবে ৩৭ বছরের শাসকজীবনে আলী খামেনি খুব সম্ভবত এ বছর জানুয়ারিতে সবচেয়ে বড় চ্যালেঞ্জের মুখে পড়েছিলেন। ডলারের বিপরীতে ইরানের মুদ্রা ইরানি রিয়ালের ব্যাপক দরপতন ঘিরে গত বছর ২৮ ডিসেম্বর তেহরানে ব্যবসায়ী ও দোকানদারেরা বিক্ষোভ শুরু করেছিলেন। সেখান থেকে পুরো দেশে বিক্ষোভ ছড়িয়ে পড়ে, বিক্ষোভকারীরা ইসলামি প্রজাতন্ত্রের পতনের ডাক দেন। ১৯৩৯ সালে উত্তর-পূর্ব ইরানের পবিত্র নগরী মার্শাহাদে জন্মগ্রহণ করেন আয়াতুল্লাহ আলী খামেনি। তাঁর বাবা একজন খ্যাতনামা মুসলিম নেতা ছিলেন। তিনি (বাবা) পার্শ্ববর্তী দেশ ইরাকের আজারবাইজানি জাতিসত্তার ছিলেন। আজারবাইজানি পরিবারটি প্রথমে উত্তর-পশ্চিম ইরানের তাবরিজে বসবাস শুরু করেছিল, পরে মার্শাহাদে চলে আসে। শহরটি ধর্মীয় তীর্থযাত্রীদের পছন্দের স্থান। সেখানে আলী খামেনির বাবা একটি আজারবাইজানি মসজিদের প্রধান ছিলেন। আলী খামেনির মায়ের নাম খাদিজা মিরদামাদি। খামেনি নিজের মাকে পবিত্র কোরআন ও অন্যান্য বইয়ের একজন একশত্টি পাঠক হিসেবে বর্ণনা করেছেন। খাদিজা মিরদামাদি তাঁর সন্তানের মধ্যে সাহিত্য ও কবিতার প্রতি ভালোবাসা জন্মিয়েছিলেন। পাহলভি রাজবংশের শাসনের প্রথম ভাগে তাঁর আন্দোলনে যোগ দেওয়াতেও মায়ের সমর্থন ছিল। চার বছর বসে আলী খামেনি লেখাপড়া শুরু করেন। তিনি পবিত্র কোরআন শিক্ষা গ্রহণ করেন এবং মাহায়েদের প্রথম ইসলামি বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেন। তিনি ইহিস্কুল শেষ করেননি; এর পরিবর্তে ধর্মতাত্ত্বিক স্তলে গভীর এবং সে সময়ের খ্যাতনামা ইসলামি পণ্ডিতদের কাছ থেকে শিক্ষা গ্রহণ করেন। তাঁর শিক্ষকদের মধ্যে তাঁর বাবা এবং শেখ হাজেম গাজভিনিও ছিলেন। পরবর্তী বছরগুলোয় আলী খামেনি নামাজ ও কোমের আরও খ্যাতনামা শিয়া উচ্চশিক্ষার কেন্দ্রগুলোয় লেখাপড়া চালিয়ে যান। কালে কয়েকজন প্রশিক্ষ মুসলিম ধর্মীয় নেতার সঙ্গে আলী খামেনির ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে ওঠে, যাদের একজন ছিলেন আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি। শাহ শাসনের বিরুদ্ধে আন্দোলনের কারণে রুহুল্লাহ খোমিন তরুণ ধর্মশিক্ষার্থীদের মধ্যে বেশ জনপ্রিয় হয়েছিলেন। এভাবেই আলী খামেনি ধীরে ধীরে সক্রিয় রাজনীতিতে জড়িয়ে পড়তেন। শাহ শাসনের সময় তিনি বেশ কয়েকবার গ্রেপ্তার হয়েছেন। তাকে ইরানের প্রত্যন্ত শহর ইরানশাহরে নির্বাসিত করা হয়েছিলেন। ১৯৭৮ সালে শাহ পাহলভি শাসনের বিরুদ্ধে ইসলামি বিপ্লব হলে তিনি বিক্ষোভে অংশ নিতে ফিরে আসেন। ১৯৭৯ সালে ইসলামি বিপ্লব সফল হয়। ইরানে পাহলভি রাজবংশের শাসনের অবসান হয়। নতুন শাসনব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকায় চলে আসেন আলী খামেনি। আলী খামেনি ১৯৮০ সালে অল্প সময়ের জন্য প্রতিরক্ষামন্ত্রীর দায়িত্ব পালন করেছিলেন। ইরান-ইরাক যুদ্ধের সূচনার পর তিনি ইসলামি বিপ্লবী বাহিনী তত্ত্বাবধায় হিসেবে কাজ করেন। ১৯৮১ সালটি আয়াতুল্লাহ আলী খামেনির জন্য একটি গুরুত্বপূর্ণ বছর। সেবার অক্টোবর তিনি গুওহত্যার চেষ্টা থেকে প্রাণে রক্ষা পান। তবে তাঁর ডান হাতটি অমেজো হয়ে যায়। ওই বছরই তিনি ইরানের প্রেসিডেন্ট নির্বাচিত হন। তিনিই ইরানের প্রথম ধর্মীয় নেতা, যিনি প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন। ১৯৮৯ সালে রুহুল্লাহ খোমেনিস মৃত্যু ইসলামি বিপ্লবকে একটি গুরুত্বপূর্ণ মোড়ে এনে দাঁড় করিয়ে দেয়। খোমেনি মৃত্যুর আগেই তাঁর উত্তরসূরি হিসেবে বহু বছর আগে থেকে নির্ধারিত আয়াতুল্লাহ হোসেইন আলী খাজেমীরকে সরিয়ে দিয়েছিলেন। আলী মন্তাজের ১৯৮৮ সালে বন্দীদের গণমুক্তাদয় দেওয়ার সমালোচনা করেছিলেন। পরে সংবিধান সংশোধনের জন্য গঠিত একটি পরিষদ খামেন

দুই দেশের পারস্পরিক ঐতিহাসিক সম্পর্কে পুনরুদ্ধার করতে চাই: প্রণয় ভার্মা

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ ও ভারতের মধ্যকার পারস্পরিক ঐতিহাসিক সম্পর্কে পুনরুদ্ধার করতে চাই বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। একইসঙ্গে তিনি জানিয়েছেন, পর্যায়ক্রমে ভিসা সেন্টারগুলোও খোলা হবে ৩ এর পাতায় দেখুন



বিএনপি নেতার ঘরে দুর্বৃত্তদের হামলা ও বোমা বিস্ফোরণ, আহত-৭

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলা বোরহানউদ্দিনে বিএনপি নেতা ব্যবসায়ীর বাড়িতে হামলায় অভিযোগ পাওয়া গেছে। এ সময় ব্যবসায়ীসহ তার পরিবারের সাত সদস্যকে কুপিয়ে ও পিটিয়ে আহতের পর বোমা সদৃশ বস্তুর বিস্ফোরণ ঘটিয়ে পালিয়েছে দুর্বৃত্তরা। এ ঘটনায় গুরুতর আহত তিনজনকে উদ্ধৃত চিকিৎসার জন্য ঢাকায় রেফার্ড

নগরীতে ট্রাফিক পুলিশের চাঁদাবাজির প্রতিবাদে অটো শ্রমিকদের বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর নতুন বাজার বগুড়া রোড পুলিশ ফাঁড়ির সামনে ট্রাফিক পুলিশের বিরুদ্ধে চাঁদাবাজি ও হয়রানির অভিযোগ তুলে বিক্ষোভ মিছিল করেছেন অটো শ্রমিকরা। গতকাল ১ (মার্চ) সোমবার শতাধিক অটোচালক এ কর্মসূচিতে অংশ নেন। বিক্ষোভকারী শ্রমিকদের দাবি, ট্রাফিক পুলিশের টিআই আশিক তাদের কাছে নিয়মিত চাঁদা দাবি করেন। চাঁদার টাকা না দেওয়ায় নতুন বাজার এলাকায় দীর্ঘদিনের অটোস্ট্যাভ থেকে তাদের গাড়ি আটক করা হয় এবং সেখান থেকে সরে যেতে বলা হয়। এতে তাদের জীবিকা হুমকির মুখে পড়ছে বলে অভিযোগ করেন তারা। আটক হওয়া কয়েকজন চালক জানান ৩ এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় সরকারি রাস্তার ইট তুলে ফেললেন সৈচ প্রকল্পের ঠিকাদার

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার ধানীসাত্কা ইউনিয়নের ৩নং ওয়ার্ডের বুড়িচর এলাকায় ময়মন মসজিদসংলগ্ন কমিউনিটি ক্লিনিকের সামনে প্রায় ৪০০ ফুট হেরিংবোন রাস্তার ইট তুলে ফেলার অভিযোগ উঠেছে সৈচ প্রকল্পের ঠিকাদারের বিরুদ্ধে। এ ঘটনায় স্থানীয় ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আবুল কালাম আজাদের সম্পৃক্ততার অভিযোগ তুলেছেন এলাকাবাসী। রাস্তার ইট তুলে ফেলায় রোগীদের যাতায়াতে দুর্ভোগ পোহাতে হচ্ছে। পরেজামনে গিয়ে এসব তথ্য জানা যায়। স্থানীয় বাসিন্দা শাহজাহান হাওলাদার জানান, 'প্রায় ২০ বছর আগে স্থানীয় হাওলাদার বাড়ির সামনে সড়ক কর্মকর্তা (ওসি) রাখাত খান বিষয়টি নিশ্চিত করেছেন। প্রস্তারকৃত শাহ আলমের ছেলে মো. সাগর বলেন, বাবা ঢাকার ডিপ্লোমা ইনস্টিটিউটে ইফতার পার্টির একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করতে গেলে স্থানীয় লোকজন তাকে চিনলে পেতে বিক্ষুব্ধ হয়ে ওঠেন। এ সময় পরিস্থিতি উত্তেজনাপূর্ণ হয়ে পড়লে জনতা রমনা থানায় খবর দেয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা

বরিশাল ৯ সোমবার ৯ ০২ মার্চ ২০২৬ ৯ ১৭ ফাল্গুন ১৪৩২

উজিরপুরের বড়াকোঠায় ভাতিজার খাঙ্কায় চাচা নিহত

উজিরপুর প্রতিনিধি

বরিশালের উজিরপুর উপজেলার বড়াকোঠা ইউনিয়নের চাউলাহার গ্রামে ছাগলে কুমড়া গাছ খাওয়াতে কেন্দ্র করে ছোট ভাই ও বড় ভাইর ঝগড়ায় ভাতিজার খাঙ্কায় চাচা নিহত হয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা যায়, চাউলাহার গ্রামের মোঃ মোতাহার হাওলাদারের ছেলে মোঃ সেকেন্দার হোসেন হাওলাদারের (৬৫) জমির কুমড়া গাছটি তার আপন বড় ভাই মোঃ মোশারফ হোসেন হাওলাদারের (৭৫) ছাগল খেয়ে পড়লে তাত্ক্ষনিক উজিরপুর হাসপাতালে নিয়ে গেলে ৩ এর পাতায় দেখুন

গুরু হয়। ঝগড়ার সময় মোঃ মোশারফ হোসেনের ছেলে মোঃ আকতার হোসেন (৪০) মোঃ সেকেন্দার হোসেনকে খাল্লড় ও ২/৩ বার খাঙ্কা দেন। এতে সেকেন্দার হোসেন অসুস্থ হয়ে পড়লে তাত্ক্ষনিক উজিরপুর হাসপাতালে নিয়ে গেলে ৩ এর পাতায় দেখুন



মধ্যপ্রাচ্যের প্রবাসীদের নিরাপত্তায় কাজ করছে সরকার : প্রতিমন্ত্রী নূর

পটুয়াখালী প্রতিনিধি

ইরানে ইসলামে-মুক্তরাষ্ট্রের হামলাকে কেন্দ্র করে মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতিতে সেখানে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নূরুল হক নূর। রোববার (১ মার্চ) দুপুর সাড়ে ১২টার দিকে পটুয়াখালী জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা জানান। নূরুল হক নূর বলেন, গতকালকেই প্রধানমন্ত্রী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট মন্ত্রী-প্রতিমন্ত্রী এবং গুরুত্বপূর্ণ ব্যক্তিদেরকে দিক-নির্দেশনা দিয়েছেন। ফরেন মিনিস্ট্রিকে এর সাথে কানেট (যুক্ত) করে জয়েন্টলি (যৌথভাবে) কাজ করে প্রত্যন্ত আমাদের দেশের নাগরিক যারা এসব দেশগুলোতে আছেন তাদেরকে নিরাপদ আশ্রয়ের জন্য সহযোগিতা করা, তাদেরকে সচেতন এবং সতর্ক করা হচ্ছে। প্রতিমন্ত্রী



কলাপাড়ায় চাঁদাবাজির অভিযোগে স্বেচ্ছাসেবক দল নেতা গ্রেফতার

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় মব সৃষ্টি করে চাঁদা বাজির অভিযোগে নীলগঞ্জ ইউনিয়ন বেঞ্চসেবক দলের আহবায়ক সুমন ফকিরকে দুই সহযোগীসহ পুলিশ গ্রেফতার করেছে। রবিবার কলাপাড়া থানা পুলিশ পৌর শহরের উকিল পট্টি এলাকা থেকে তাকে গ্রেফতার করে। গ্রেফতার মো. সুমন (৩৫) উপজেলার নীলগঞ্জ ইউনিয়নের ঘুটবাছা গ্রামের হাজী ইউসুফ ফকিরের ছেলে। অপর গ্রেফতার দুই সহযোগী হচ্ছেন, সজীব (৩০) ও রাসেল (৩০)। এ ঘটনায় কলাপাড়া থানায় একটি মামলা করা হয়েছে। পুলিশ জানায়, গ্রেফতার সুমন ফকির তার সহযোগীদের নিয়ে নীলগঞ্জ ইউনিয়নে মব সৃষ্টি করে সাধারণ মানুষকে জিম্মি করে চাঁদা আদায় ও হয়রানি করে ৩ এর পাতায় দেখুন

রোজা রাখার মাধ্যমে তাকওয়া অর্জন করতে হবে: মুফতি ফয়জুল

বালকাঠি প্রতিনিধি

ইসলামী আন্দোলন বাংলাদেশের নারোবে আমীর ও শায়েখে চরমোনাই মুফতি সৈয়দ ফয়জুল করীম বলেছেন, রোজা রাখতে হবে আল্লাহর হুকুম পালন করার জন্য। বিভিন্ন জামে বিভিন্ন কারণে রোজা রাখেন। ইসলাম ধর্মে নিজ উদ্দেশ্যে ব্যবহার করে থাকেন। জামোয়ার পরে চলে, মুসলমান ইমানে চলে। দুনিয়ার সামান্য কারণে আমরা ইমান-ইসলাম শেষ করে দেই। আল্লাহ-কোয়ামতকে বিশ্বাস করুন। রমজানের রোজা রাখার মাধ্যমে তাকওয়া অর্জন করতে পারি। যাদের মধ্যে তাকওয়া আছে, তারা খুব সহজেই পুলিশি়াত পার হবে। হুদয়ান একড ডেভেলপমেন্ট সোসাইটি (হাডস) আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তৃতায় ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.পি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার:
মেডিকোভা ভায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বোধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
প্রতিদিন সকল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১০৪৪০৮, ০১৭১১-২৪০৯৬৬
০১৭১৪-০৬৮৮৮৬, ০১৭০৬-০৪৪১৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

রোজা-ঈদকে ঘিরে ফেব্রুয়ারিতে রেমিট্যান্স বেড়েছে ১৯ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক

রোজা ও আসন্ন ঈদুল ফিতরকে সামনে রেখে ফেব্রুয়ারি মাসে প্রবাসী আয় বা রেমিট্যান্স প্রবাহে উল্লেখযোগ্য উন্নয়ন দেখা গেছে। চলতি বছরের ফেব্রুয়ারিতে প্রবাসীরা দেশে পাঠিয়েছেন ৩ দশমিক ০২ বিলিয়ন (৩০২ কোটি) মার্কিন ৩ এর পাতায় দেখুন



বারুগঞ্জে আগুনে পুড়লো দিনমজুরের দুটি গাভী ও ২১টি ছাগল

বারুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বারুগঞ্জ উপজেলার বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর নগর ইউনিয়নের শিলদিয়া গ্রামে দিনমজুর মুজাম্মেল হক মল্লিকের বাড়িতে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এতে ২১টি ছাগল ও ২টি গাভী পুড়ে মারা গেছে। এ ঘটনায় তার একমাত্র বসতঘরটিও সম্পূর্ণ ভষ্মীভূত হয়েছে। গত ২৮ ফেব্রুয়ারি রাত ১১ টার দিকে এই মর্মান্তিক অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে পার্শ্ববর্তী উপজেলা পৌরনদী ফায়ার সার্ভিসের দমকল কর্মীরা ঘটনাস্থলে যাত্রা করেন। তবে ৩ এর পাতায় দেখুন

চাঁদাবাজ, সন্ত্রাস ও মাদক মুক্ত এলাকা গড়তে মাইকিং

বাকেরগঞ্জ প্রতিনিধি

বাকেরগঞ্জ উপজেলাকে সন্ত্রাস, চাঁদাবাজ, দখলবাজ ও মাদক মুক্ত করতে সংসদ সদস্য আবুল হোসেন খান করা ঈশিয়ারি বার্তা দিলেন। উপজেলার ১৪ টি ইউনিয়ন ও একটি পৌরসভা কে সন্ত্রাস, দখলবাজ, চাঁদাবাজ মুক্ত করতে সংসদ সদস্য আবুল হোসেন খানের পক্ষ থেকে মাইকিং করে ব্যাপক প্রচারনা করা হয়েছে। সন্ত্রাস বাদের বিরুদ্ধে বর্তমান সরকারের জিরো টলারেপ এর অংশ হিসাবে বাকেরগঞ্জ উপজেলাকে মাদকমুক্ত,দখলবাজ মুক্ত, চাঁদাবাজ মুক্ত রাখতে সংসদ সদস্য আবুল হোসেন খানের এই খোলা ৩ এর পাতায় দেখুন



মাদক বিরোধী অভিযানে মেহেন্দিগঞ্জে আটক ৬

নূর রাফি নাঈম, মেহেন্দিগঞ্জ

মেহেন্দিগঞ্জের তরুণ ও যুব সমাজ মাদকের ভয়াবহ শিকারে পরিণত হচ্ছে প্রতিনিয়ত। আর এই মাদকের ভয়াবহতা উপলব্ধি করে মাদকের বিরুদ্ধে জিরো টলারেপ নীতি ঘোষণা করেছেন থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ মিজানুর ৩ এর পাতায় দেখুন



ছাত্রশিবিরের হিজলা কলেজ কমিটি গঠন ও ইফতার মাহফিল

হিজলা প্রতিনিধি

গতকাল বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির হিজলা কলেজ শাখার কমিটি গঠন করা হয়। এতে মোঃ রাফিক সভাপতি ও মোঃ নিরব হাসান রনি সাধারণ সম্পাদক নির্বাচিত হন। কমিটি গঠন শেষে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন হিজলা উপজেলার সভাপতি মোঃ খলিলুর রহমান। প্রধান বক্তা ছিলেন, ইসলামী ছাত্রশিবিরের হিজলা উপজেলা সভাপতি মোঃ মুসা ইব্রাহিম। বিশেষ অতিথি হিসেবে অন্যান্যের মধ্যে আরো উপস্থিত ছিলেন, ছাত্র শিবিরের ৩ এর পাতায় দেখুন

নিরাপদ ভ্রমণ থানাদের অধীকার

পালকি এক্সপ্রেস

Palki Express

ভাণ্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী-কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত

পরিচালনায়ঃ মোঃ বেদ্রুল মল্লিক
সার্বিক তত্ত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক

ভাণ্ডারিয়া কাউন্টারঃ
01321-183180, 01771-486723

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com